

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-১৩/৯৯(অংশ-১)- ৫৬৬

তারিখ : ০৫ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
২০ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ছনহরা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সদস্য জনাব নাছির উদ্দিন আলমদার এর বিরুদ্ধে ছনহরা ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুর রশিদ দৌলতীর রুমে চুকে তাকে মারধরসহ বিভিন্ন অভিযোগ উল্লেখপূর্বক ০৪/০৬/২০১৭ তারিখে উক্ত ইউপি চেয়ারম্যান উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া বরাবর অভিযোগ দাখিল করেন;


যেহেতু, উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম এর তদন্তে উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্য কর্তৃক চেয়ারম্যানকে হেনস্থা করার বিষয়টি প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, চট্টগ্রাম জেলার পটিয়া উপজেলার ছনহরা ইউনিয়ন পরিষদের ৫নং ওয়ার্ডের সদস্য নাছির উদ্দিন আলমদার এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪(৪)(ঘ) ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, তাঁর এরূপ কার্যক্রম অসদাচরণের সামিল এবং যেহেতু, উল্লিখিত ইউনিয়ন পরিষদের সদস্য জনাব নাছির উদ্দিন আলমদার এর বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক পটিয়া উপজেলায় ছনহরা ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব নাছির উদ্দিন আলমদারকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/ইউপি-১৩/৯৯(অংশ-১)- ৫৬৬

তারিখ : ০৫ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ।
২০ আগস্ট, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, পটিয়া, চট্টগ্রাম।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব নাছির উদ্দিন আলমদার, সদস্য, ০৫নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত), ছনহরা ইউনিয়ন পরিষদ, পটিয়া, চট্টগ্রাম।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব